# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESMENT-2 (2024-2025)**

**Class- X**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**SUBJECT: BENGALI(005)**

**Time:-3 Hours** **F.M.-80**

**PART-A OBJECTIVE TYPE QUESTIONS (MCQ)**

**SECTION-A(READING: UNSEEN COMPREHENSION)**

**1.নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:** (1×4)×3=12

A. বায়ু পরিবর্তনে সাধারণত যা হয় সে-ও লোকে জানে, আবার আসে-ও। আমিও এসেছি। প্রাচীর ঘেরা বাগানের মধ্যে একটা বড় বাড়িতে থাকি। রাত্রি তিনটে থেকে কাছে কোথাও একজন গলাভাঙ্গা একঘেয়ে সুরে ভজন শুরু করে, ঘুম ভেঙে যায়, দোর খুলে বারান্দায় এসে বসি। ধীরে ধীরে রাত্রি শেষ হ'য়ে আসে,—পাখীদের আনাগোনা শুরু হয়। দেখতাম ওদের মধ্যে সবচেয়ে ভোরে ওঠে দোয়েল। অন্ধকার শেষ না হতেই তাদের গান আরম্ভ হয়, তারপরে একটি দুটি করে আসতে থাকে বুলবুলি, শ্যামা, শালিক, টুনটুনি,—পাশের বাড়ির আমগাছে, এ বাড়ির বকুল-কুঞ্জে, পথের ধারের অশ্বত্থ গাছের মাথায়—সকলকে চোখে দেখতে পেতাম না, কিন্তু প্রতিদিন ডাক শোনার অভ্যাসে মনে হতো যেন ওদের প্রত্যেককেই চিনি। হলদে রঙের একজোড়া রঙীন পাখী একটু দেরি করে আসতো। প্রাচীরের ধারে ইউক্যালিপটস্ গাছের সবচেয়ে উঁচু ডালটায় বসে তারা প্রত্যহ হাজিরা হেঁকে যেত। হঠাৎ কি জানি কেন দিন দুই এল না, দেখে ব্যস্ত হয়ে উঠলাম—কেউ ধরল না তো? এদেশে ব্যাধের অভাব নেই,—পাখী চালান দেওয়াই তাদের ব্যবসায়—কিন্তু তিন দিন পরে আবার দুটিকে ফিরে আসতে দেখে মনে হলো যেন সত্যিকার একটা ভাবনা ঘুচে গেল।

**I. ভোর তিনটের সময় লেখকের ঘুম ভেঙে যায় কেন?**

a) তার ভোরবেলাই ঘুম থেকে ওঠা অভ্যাস বলে।

b) একজন গলাভাঙ্গা একঘেয়ে সুরে ভজন শুরু করে বলে।

c) পাখির ডাকে লেখকের ঘুম ভেঙ্গে যায়।

d) হঠাৎ কোনো দুঃস্বপ্ন দেখে।

**II. ভোরে সবচেয়ে আগে ওঠে -**

a) শ্যামা

b) বুলবুলি

c) ফিঙে

d) দোয়েল

**III. মন্তব্যঃ ...মনে হলো সত্যিকার একটা ভাবনা ঘুচে গেল।**

**কারণ (ক) একজোড়া হলদে রঙিন পাখিকে শিকারী ধরে নিয়ে গেছিল।**

**কারণ (খ) হলদে পাখি জোড়া যারা দুদিন আসছিল না তাঁদের আবার ফিরে আসতে দেখে।**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ খ ঠিক ক ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক



Scanned with OKEN Scanner

d) কারণ ক ও খ দুটোই ভুল

IV. **প্রতিদিন ডাক শোনার অভ্যাসে মনে হতো যেন ওদের প্রত্যেককেই চিনি।** – বাক্যটিকে সাধু ভাষায় পরিবর্তন করলে হবে-

a) প্রতিদিন ডাক শুনার অভ্যাসে মনে হইত যেন উহাদের প্রত্যেককেই চিনি।

b) প্রতিদিন ডাক শোনার অভ্যাসে মনে হইত যেন ওদের প্রত্যেককেই চিনি।

c) প্রতিদিন ডাক শোনার অভ্যাসে মনে হইত যেন উহাদের প্রত্যেককেই চিনি।

d) প্রতিদিন ডাক শোনার অভ্যাসে মনে হতো যেন উহাদের প্রত্যেককেই চিনি।

B. বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র। দুর্লভ চরিত্র। ১৯২৭ সালের শেষ দিকে উনি যখন কলকাতা বেতারকেন্দ্রে এসে যোগ দেন তখন সেটা ছিল বেসরকারি প্রতিষ্ঠান। বেতারে যোগদানের আগে উনি পূর্বরেলে চাকরি করতেন। চাকরি ছেড়ে বেতারে যোগদান করেন। রেডিওতে যোগ দেওয়ার শুরু থেকেই বেতার সম্প্রচারকে নানাভাবে আকর্ষণীয় করে তোলার জন্য বহু অনুষ্ঠানের সূচনা করেন। 'পল্লীমঙ্গল আসর' থেকে শুরু করে 'বিদ্যার্থীমঙ্গল', সাপ্তাহিক চিত্র ও রঙ্গমঞ্চের সমালোচনা, খেলার জগতের সংবাদ, পুস্তক সমালোচনা, পৃথিবীর বিচিত্র সংবাদ পরিবেশনার আসর, সাহিত্যবাসর, ইত্যাদি নানা অনুষ্ঠানের প্রবর্তন করেছিলেন। সবসময় সব বিষয়ে সম্প্রচারক পাওয়া যেত না। তাই, বিভিন্ন নামে তিনি একাই সেগুলো প্রচার করতেন। বীরেন্দ্রকৃষ্ণই গড়ে তুলেছিলেন 'বেতার নাটকের দল'।

পরে কত জনপ্রিয় অনুষ্ঠানসূচী প্রচার করা হয়েছে। যেমন--'শিশুমহল', 'অনুরোধের আসর', 'মহিলা মহল', 'গল্পদাদুর আসর'। 'শিশুমহল'-কে যেমন জনপ্রিয় করে তুলেছিলেন ইন্দিরাদি অর্থাৎ ইন্দিরা দেবী তেমন 'গল্পদাদুর আসর'কে আকর্ষণীয় করে তুলেছিলেন জয়ন্ত চৌধুরী। এদের কাছ থেকে শিখেছি অনেক কিছু, ভালবাসাও পেয়েছি। নাটক করতে গিয়ে যাদের খুব কাছাকাছি চলে এসেছিলাম তারা হলেন তৃপ্তিদি অর্থাৎ তৃপ্তি মিত্র, নীলিমাদি, শুক্লা অর্থাৎ শুক্লা দাস। শুক্লা নাটকের বিভাগেই চাকরি করত। নাচতেও পারত, খুব গুণী মেয়ে। কিন্তু ব্যক্তিগত জীবন দুঃখের। মৃত্যুর আগের দিন পর্যন্ত তার সঙ্গে আমার বন্ধুত্ব ছিন্ন হয়নি। আমি রেডিওতে যখন যোগ দিই, তার বেশ কিছুদিন পরে ঘোষিকা হিসেবে ভাগলপুর থেকে এসে রেডিওতে কাজ নেয় হেনা, হেনা খান্না। আজও তার সঙ্গে আমার প্রায় প্রতিদিনের যোগদান রয়েছে।

**I. বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র বেতারে যোগদানের আগে কী করতেন?**

a) বেকার ছিলেন। কিছুই করতেন না।

b) পূর্বরেলে চাকরি করতেন।

c) এক বেসরকারী প্রতিষ্ঠানে চাকরি করতেন।

d) খেলার জগতে যুক্ত ছিলেন।

**II. 'গল্পদাদুর আসর'-কে আকর্ষণীয় করে তুলেছিল-**

a) ইন্দিরা দেবী

b) নীলিমাদি

c) হেনা খান্না

d) জয়ন্ত চৌধুরী

**III. মন্তব্যঃ বিভিন্ন নামে তিনি একাই সেগুলো প্রচার করতেন।**

**কারণ (ক)- তিনি নানারকম আদব-কায়দায় কথা বলতে পারতেন।**

**কারণ (খ)- সব সময় সব বিষয়ে সম্প্রচারক পাওয়া যেত না।**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ খ ঠিক ক ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**IV. 'প্রতিদিন'- ব্যাসবাক্য হবে -**



Scanned with OKEN Scanner

a) দিনের পর দিন

b) প্রতিটি দিন

c) দিন দিন

d) রোজ দিন

C) ভারী গর্ব হচ্ছিল চারণের এই প্রাচীন ঐতিহ্যের দেশে, রামায়ণ, মহাভারতের দেশে জন্মেছে বলে। তার মনে হয়, নিজের দেশকেই যে ভালো করে চেনেনি, জানেনি তার পক্ষেই বিদেশের প্রশস্তিতে মূর্খের মতো পঞ্চমুখ হওয়া সম্ভব। কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন। চারণ গাড়ি করে উঁচু শৃঙ্গে ওঠার পরও আরো তিনশো ষাটটি সিঁড়ি ভেঙে যখন মন্দিরের চাতালে এসে পৌঁছেছিল, তখন সিঁড়িতে তার পদশব্দ পেয়ে পুরোহিত নিজেই এসে দাঁড়িয়েছিলেন। চারণ তাকে নমস্কার করে বলেছিল, আমি কিন্তু এখানে পুজো দিতে আসিনি।

অবাক হলেন কুঁবারসিংজি, বংশানুক্রমে যিনি এই মন্দিরের পুরোহিত। গাড়োয়ালের রাজা যার পূর্বপুরুষকে উত্তরপ্রদেশের সমতলভূমি থেকে এনে এই উত্তুঙ্গ শৈল-শিখরের উচ্চতম চুড়োতে মহামায়ার পীঠের পূজারী করেছিলেন। পুরোহিত ভাবলেন চারণ নাস্তিক। বললেন, অজীব আদমী তো আপনি, তবে এলেন কেন? কুঁবারসিংজির 'তবে'র উত্তরে তাকে একটি পঞ্চাশ টাকার নোট দিয়ে চারণ বলেছিল, পুজো আপনি দিন, আমি ভিতরে ঢুকবো না। আমি এসেছি এই মন্দির দেখতে। যেকোনো ধরনের মন্দিরের চাতালে এলেই আমার মনে হয় এক ধরনের শান্তি আসে, ভালো লাগে। শান্তি থাকে আপনার বুকের মধ্যেই, কোন মন্দির, মসজিদ, গির্জাতে নয় বাবুজি। তবে সেই শান্তি হয়তো ভ্রমরের মতো কৌটোতে বন্ধ থাকে- এমন একটি জায়গাতে এলে সেই কৌটোর ঢাকনি আপনি খুলে যায়। পুরোহিতের এই কথাগুলি বড়ো ভালো লাগল চারণের।

**I. বিদেশের প্রশস্তিতে পঞ্চমুখ হওয়ার মুর্খামি কারা করে?**

a) যারা স্বদেশের থেকে বিদেশকে বেশি ভালোবাসে।

b) যারা আজীবন বিদেশে থাকে।

c) স্বদেশ যাদের কাছে অজানা, অচেনা রয়ে গেছে।

d) স্বদেশকে যারা ভালোভাবে দেখলেও স্বদেশ যাদের কাছে অচেনা রয়ে গেছে।

**II. মন্তব্য (ক) কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন কারণ, দীর্ঘ পথ পেরিয়ে এই মন্দিরে আসা সত্ত্বেও সে দেবতার পূজা দিতে অনিচ্ছা প্রকাশ করেছিল।**

**মন্তব্য (খ): কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের ওপর বেশি বিরক্ত হয়েছিলেন কারণ, উত্তুঙ্গ শৈল-শিখরে অবস্থিত মহামায়ার এই মন্দিরে সে একাই দেবতার পূজো দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছিল।**

a) মন্তব্য ক সঠিক হলেও মন্তব্য খ ভুল

b) মন্তব্য ক ভুল কিন্তু মন্তব্য খ সঠিক

c) মন্তব্য ক এবং খ দুটিই গ্রহণযোগ্য

d) মন্তব্য ক এবং খ কোনোটিই গ্রহণযোগ্য নয়

**III. কুঁবারসিংজি কীভাবে এই মন্দিরে পূজারীর দায়িত্ব পেয়েছিলেন?**

a) তিনি একজন নামকরা পূজারী ছিলেন বলে তাকেই দায়িত্ব দেওয়া হয়েছিল।

b) ওই অঞ্চলে তার মতো শাস্ত্রজ্ঞ পুরোহিত আর কেউ ছিল না বলে তাকেই দায়িত্ব দেওয়া হয়েছিল।

c) গাড়োয়ালরাজ তার পূর্বপুরুষকে এই মন্দিরের পূজার ভার দিয়েছিলেন তাই বংশানুক্রমিকভাবে তিনি সেই দায়িত্ব পালন করছেন।

d) গাড়োয়ালরাজ উত্তরপ্রদেশের সমতলভূমি থেকে এনে এই উত্তুঙ্গ শৈল-শিখরের উচ্চতম চুড়োতে মহামায়া পীঠের পূজারী করেছিলেন।

**VI. 'পুরোহিত' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-**

a) পুরো+হিত



Scanned with OKEN Scanner

b) পুর+হিত

c) পুর:+অহিত

d) পুর:+হিত

## SECTION-B (GRAMMAR:MCQ)

**2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির বিকল্প উত্তরটি বেছে নিয়ে লেখো: :(যেকোনো তিনটি) (3×1=3)**

**a) খাঁচাটির উন্নতি হইল পাখির খবর কেহ রাখে না।- বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে-**

i. খাঁচাটির উন্নতি হলেও পাখির খবর কেহ রাখে না ।

ii. খাঁচাটির উন্নতি হলেও পাখির খবর কেউ রাখে না।

iii. খাঁচাটির উন্নতি হইল তবুও পাখির খবর কেহ রাখে না।

iv. খাঁচাটির উন্নতি হইলেও পাখির খবর কেউ রাখে না।

**b) শ্রাবণের সমস্ত আকাশটা ঘনমেঘে সমাচ্ছন্ন হইয়া আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হইতে না হইতেই চারিদিক গাঢ় অন্ধকারে ছাইয়া গিয়াছে।- বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে-**

i. শ্রাবণের সমস্ত আকাশটা ঘনমেঘে সমাচ্ছন্ন হয়ে আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হইতে না হইতেই চারিদিক গাঢ় অন্ধকারে ছাইয়া গিয়াছে।

ii. শ্রাবণের সমস্ত আকাশটা ঘনমেঘে সমাচ্ছন্ন হয়ে আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হতে না হতেই চারিদিক গাঢ় অন্ধকারে ছাইয়া গিয়াছে।

iii.শ্রাবণের সমস্ত আকাশটা ঘনমেঘে সমাচ্ছন্ন হয়ে আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হতে না হতেই চারিদিক গাঢ় অন্ধকারে ছাইয়া গেছে।

iv.শ্রাবণের সমস্ত আকাশটা ঘনমেঘে সমাচ্ছন্ন হয়ে আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হতে না হতেই চারিদিক গাঢ় অন্ধকারে ছেয়ে গেছে।

**c) তিনি মনস্থির করেছেন, আজ সন্ধ্যার পরেই কাবুলে পৌঁছাবেন।-বাক্যটিকে সাধু রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে-**

i. তিনি মনস্থির করিয়াছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাবেন।

ii. তিনি মনস্থির করিয়াছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাইবেন।

iii.তিনি মনস্থির করিয়া ফেলিয়াছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাইবেন।

iv. তিনি মনস্থির করেছেন, আজ সন্ধ্যার মধ্যেই হউক কাবুলে পৌঁছাইবেন।

**d) সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসিয়ে আমার চারদিকে গণ্ডি কেটে দিত।-বাক্যটিকে সাধু রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে-**

i. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারদিকে গণ্ডি কেটে দিত।

ii. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারিদিকে গণ্ডি কাটাইয়া দিত।

iii. সে আমাদিগকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারিদিকে গণ্ডি কাটিয়া দিত।

iv. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারিদিকে গণ্ডি কাটিয়া দিত।

**3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো:( যেকোনো ছয়টি) (1×6=6)**

**i. মন্তব্য: তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।**

**কারণ(ক): তপন তার লেখার মধ্যে নিজেকে একেবারেই খুঁজে পায় না।**

**কারণ(খ): কারেকশনের নামে নতুন মেসো তপনের লেখা গল্প পুরোটাই বদলে দিয়েছেন।**

a) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

b) কারণ ক ঠিক কিন্তু খ ভুল



Scanned with OKEN Scanner

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**ii. 'আলোবাবু' গল্পে লেখকের মূল উদ্দেশ্য আলোবাবু চরিত্রের-**

a) বিশুদ্ধ মানবিকতার দিকটিকে প্রকাশ করা।

b) বদ্ধ পাগলামির দিকটিকে প্রকাশ করা।

c) নির্দোষ মজার দিকটিকে প্রকাশ করা।

d) নিরেট নির্বুদ্ধিতার দিকটিকে প্রকাশ করা।

**iii. " কিরে তোর যদি কি পায়া ভারী হয়ে গেল। '- ' পায়া ভারী হওয়া' মানে-**

a) খ্যাতি বেড়ে যাওয়া

b) অহংকার দেখা দেওয়া

c) লজ্জা কমে যাওয়া

d) খুশিতে আত্মহারা হওয়া

**iv. মন্তব্য: চমকে উঠলেন জগদীশবাবু।**

**কারণ(ক): ছেলেদের কাছে স্পোর্টের চাঁদার খাতাটিকে দেখেছিলেন জগদীশবাবু।**

**কারণ(খ): আদুর গা, তার উপরে একটি ধবধবে সাদা উত্তরীয়, পরনে ছোট বহরের সাদা ধান পরিহিত বিরাগীকে দেখেছিলেন জগদীশবাবু।**

a) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

b) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**v. তপন শুধু ওর ভর্তি হওয়ার দিনের অভিজ্ঞতা আর অনুভূতির বিষয় নিয়ে গল্প লিখেছে, এটা খুব ভালো।- মেসোমশাই এটাকে খুব ভালো বলেছেন কারণ-**

a) এটা নতুন লেখকদের লক্ষণ।

b) এটা পাকা লেখকদের লক্ষণ।

c) এটা তপনের বয়সী লেখকদের লক্ষণ।

d) এটা ছোটমেসোর বয়সীর লেখকদের লক্ষণ।

**vi. মন্তব্য: মাসখানেক পরেই কিন্তু চাকরিতে গেল তার।**

**কারণ( ক): আলোবাবু রোগীর পায়ের ঘায়ের উপর কার্বলিক এসিড ঢেলে দিয়েছিলেন।**

**কারণ (খ): ডাক্তারবাবু আলোবাবুকে পছন্দ করতেন না।**

a) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

b) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**vii. 'মাঝে মাঝে সত্যিই উপোস করেন হরিদা।'- কারণ**

a) রান্না করার অনিচ্ছায়

b) কাজের চাপে

c) পয়সার অভাবে

d) স্বাস্থ্যের কারণে



Scanned with OKEN Scanner

**viii. মন্তব্য: কাজ করতে হরিদার প্রাণের মধ্যেই যেন একটা বাধা আছে।**

**কারণ( ক): হরিদা স্বাধীন মনের মানুষ।**

**কারণ (খ): হরিদা অলস স্বভাবের মানুষ।**

a) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

b) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**4. গল্পগুচ্ছ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো:** **(1×4=4)**

**i. " এমন খাওয়াপরায় কাজ কী।"- রাসমণির এই উক্তির মধ্যে কী প্রকাশ পেয়েছে?**

a) অহংকার

b) লোভ

c) চালাকি

d) গ্লানিবোধ

**ii. মন্তব্য: 'পোস্টমাস্টার' গল্পে প্রকৃতির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

**কারণ(ক): প্রকৃতি কাহিনীর প্রয়োজনীয় পটভূমি রচনা করেছে।**

**কারণ(খ): প্রকৃতি মানব-মনের অস্পষ্ট ভাবগুলিকে স্পষ্ট করেছে।**

a) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

b) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**iii. রাধামুকুন্দ স্ত্রীর গয়না বন্ধক রেখেছিলেন কেন?**

a) খাজনার দায়ে

b) প্রজাদের শত্রুতায়

c) অর্থের অভাবে

d) অভিজ্ঞতার অভাবে

**iv. মন্তব্য: রাধামুকুন্দ প্রথম থেকেই মুক্তারই ব্যবসায় পসার জমিয়ে তুলতে পেরেছিল।**

**কারণ(ক): তখন এই ব্যবসায় আয়ের পথ অনেক বেশি প্রশস্ত ছিল।**

**কারণ(খ): রাধামুকুন্দ তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন সাবধানী মানুষ ছিলেন।**

a) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

b) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

c) কারণ ক ও খ দুটোই ঠিক

d) কারণ ক ও খ দুটোই ভুল

**v. 'পোস্টমাস্টার রতনের এরূপ ব্যবহার কখনো দেখেন নাই...'- কীরূপ ব্যবহার?**

a) উচ্ছ্বসিত অভিমান ক্ষুব্ধ ব্যবহার

b) কোমল স্নেহভরা ব্যবহার

c) করুণ বিষন্ন ব্যবহার

d) উল্লসিত খুশি ভরা ব্যবহার



Scanned with OKEN Scanner

**vi. গ্রামের লোকেদের আনন্দভোজ কোন সময় অনুষ্ঠিত হয়েছিল?**

a) বর্ষার শুরুতে

b) শীতের শুরুতে

c) গ্রীষ্মের শেষে

d) শীতের শেষে

## PART-B: DESCRIPTIVE TYPE QUESTION

## SECTION-B (GRAMMAR- SUBJECTIVE)

**5. নির্দেশ অনুসারে সন্ধিযুক্ত ও বিচ্ছেদ কর: (যেকোনো চারটি)** **(4×1=4)**

a) চতুষ্টয় b) কিম্+বদন্তি c) প্রশন্+সা d) অহর্নিশি e) নীরোগ

**6. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর: (যেকোনো তিনটি)** **(3×1=3)**

a) প্রাণপাখি b) চিকিৎসাবিজ্ঞান c) কাগজে-কলমে d) নিরামিষ

**7. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো:(যেকোনো তিনটি)** **(3×1=3)**

a) যদি পাগলা কুকুরে কামড়ায় তবে জলাতঙ্ক রোগ হয়।( সরল বাক্যে)

b) পড়ুয়া ছেলেমেয়েরা ভালোভাবেই পাশ করেছে। ( জটিল বাক্যে)

c) সুজয় কথাটা শুনলো এবং অবাক হয়ে গেল । ( সরল বাক্যে)

d) তিনি বিদ্বান হলেও অহংকারী নন।( যৌগিক বাক্যে)

## SECTION-C(MAIN COURSE BOOK AND SUPPLYMENTARY READER)

8. **" টপ করে তার চোখ দিয়ে জল গড়িয়ে পড়লো কয়েক ফোঁটা।"**- কার চোখ দিয়ে কখন টপটপ করে জল গড়িয়ে পড়েছিল? (2)

9. **"সাতদিন হলো এক সন্ন্যাসী এসে জগদীশবাবুর বাড়িতে ছিলেন।"**- সন্ন্যাসীর পরিচয় দাও। (3)

**অথবা**

**" কিন্তু কাজ করতে হরিদার প্রাণের মধ্যেই যেন একটা বাধা আছে।"**- এ থেকে হরিদার চরিত্রের কোন বৈশিষ্ট্যটি ফুটে ওঠে?

10. **"পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?"**- ঘটনাটিকে অলৌকিক মনে হয়েছে কেন? (3)

11. **"তারপর একদিন হঠাৎ আবার এক সকালে কিংবা সন্ধ্যায় বিচিত্র ছদ্মবেশে অপরূপ হয়ে পথে বের হয়ে পড়েন।"**- কোন গল্পে কার সম্পর্কে একথা বলা হয়েছে? উক্তিটি অবলম্বনে তার চারিত্রিক বৈশিষ্ট্যের উল্লেখ কর। (2+3=5)

**অথবা**

**'আলোবাবু'** গল্প অবলম্বনে আলোবাবু চরিত্রটি বর্তমান সমাজে কতখানি প্রাসঙ্গিক এবং প্রয়োজন? এই বিষয়ের পক্ষে ও বিপক্ষে যুক্তি দাও।

12. **প্রসঙ্গসহ তাৎপর্য ব্যাখ্যা কর:** (5)

"সহজ করে বাচা কি আর খাঁচাতে সম্ভব
তিনপাহাড়ের নকশি কাঁথায় শিশুর কলরব।"



Scanned with OKEN Scanner

**অথবা**

" অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে ..."

13. **"একাসনে/ একাকারে প্রার্থনা করছেন।"**- কার লেখা কোন্ কবিতার অংশ? কবি কাদের প্রার্থনার কথা বলেছেন? কেন কিসের জন্য তারা প্রার্থনা করছেন- নিজের ভাষায় আলোচনা করো। (2+3=5)

**অথবা**

**"আয় আরো হাতে হাত রেখে**
**আয় আরো বেঁধে বেঁধে থাকি।"**-- কার লেখা কোন্ কবিতায় কার এই আহ্বান? কেন এই আহ্বান তা নিজের ভাষায় ব্যাখ্যা কর।

14. **"বাস্তবিক বেশিদিন দেরিও হইল না।"**- কোন্ বিষয়টি বেশিদিন দেরি হইল না? কীভাবে বিষয়টি সমাধান হয়েছিল? (2+3=5)

**অথবা**

**"কিন্তু এমন সময় একটা গুরুতর ঘটনা ঘটিল।"**- কোন্ সময় গুরুতর ঘটনাটি ঘটেছিল? গুরুতর ঘটনাটি লেখ।

15. **"তাহা হইলে এই আধমরা ভদ্রসন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারে।"**- কোন্ প্রসঙ্গে এই উক্তি? আধমরা ভদ্রসন্তানটি কে? তার নবজীবন লাভের কথাটি কেন এসেছে? (2+3=5)

## SECTION-D (CREATIVE WRITING)

**16. নিম্নলিখিত একটি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো:** **(6)**

a) মানবিকতা

b) তোমার প্রিয় সাহিত্যিক

c) একটি ভয়াবহ দূষণ – প্লাস্টিক দূষণ

**17. নিম্নলিখিত একটি বিষয় অবলম্বনে পত্ররচনা করো:** **(6)**

a) পথ দুর্ঘটনা বাড়ছে। তাই সরকার ট্রাফিক নিয়ম লঙ্ঘনের জন্য জরিমানার হার বাড়িয়েছে। এ বিষয়ে তোমার মতামত জানিয়ে 'পথের দাবি' দৈনিকের সম্পাদককে উদ্দেশ করে একটি চিঠি লেখো।

b) তোমার দাদু-দিদিমা গ্রামে থাকেন। তাঁরা মোবাইলে ব্যাঙ্কের লেন-দেন করতে পারেন না বলে দূরে গ্রামীণ ব্যাঙ্কে গিয়ে পেনশন তুলতে হয়। তাদের মতো বহু বয়স্ক মানুষই যান ফলে ভিড় হয়। এদিকে যাবতীয় পরিষেবার জন্য একটিই কাউন্টার। প্রবীণদের এই দুর্ভোগ দূর করার জন্য সরকারের কাছে ব্যাঙ্কের কর্মীসংখ্যা বাড়ানোর আবেদন জানিয়ে কলকাতার 'দৈনিক সমাজ' পত্রিকার সম্পাদকীয় বিভাগে একটি চিঠি লেখো।



Scanned with OKEN Scanner